

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি জাতীয় বিতর্ক উৎসব ২০২৫ এর সমাপনী অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘৪র্থ নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি জাতীয় বিতর্ক উৎসব-২০২৫’ এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (০৮ ফেব্রুয়ারি ২০২৫) এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

এসময় প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, উপস্থিত শিক্ষার্থীবৃন্দ এবং নোয়াখালী অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দসহ যারা বাইরে থেকে নোবিপ্রবিতে বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য এসেছেন সবাইকে স্বাগত জানাচ্ছি। অনেকগুলো স্টেজ অতিক্রম করে আজকে যারা বিভিন্ন পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছেন তাদের অভিনন্দন জানাচ্ছি। একই সঙ্গে যারা অংশগ্রহণ করেও বিজয়ী হতে পারনি তাদেরও অভিনন্দন। অংশগ্রহণটাই হচ্ছে বড় বিষয়, এর অর্থ হচ্ছে তুমি আশি পারসেন্ট এগিয়ে গিয়েছো। এই প্রতিযোগিতার মাধ্যমে তোমাদের মধ্যে পড়াশোনার চেষ্টি, যুক্তি খন্ডনের যে চেষ্টি সেটাই হচ্ছে সবচেয়ে বড় শিক্ষা। আমরা বর্তমানে যে একটি সমতার সমাজ প্রতিষ্ঠা করতে চাই, ন্যায়ের সমাজ প্রতিষ্ঠা করতে চাই এই যুক্তির মাধ্যমে আমরা সেই কাজিত লক্ষ্যে পৌঁছাতে পারবো। আরেকটি বিষয় হচ্ছে, এই বিশ্ববিদ্যালয়কে আমরা মাদক, ইভটিজিং এবং র্যাগিং মুক্ত একটি বিশ্ববিদ্যালয় হিসেবে ঘোষণা করছি। এসব বিষয়ে আমরা জিরো টলারেন্স নীতি গ্রহণ করবো। মাদকের খোঁজ পেলেই যথাযথ আইনি প্রক্রিয়া গ্রহণ করা হবে। আমরা এমন একটি দেশ চাই যেখানে আমাদের সন্তানেরা সৎ পথে উপার্জনের মাধ্যমে দেশের জন্য এবং সর্বোপরি বিশ্বের জন্য অবদান রাখবে। শিক্ষার্থীরা পড়াশোনার পাশাপাশি তাদের সুকুমার বৃত্তিগুলোকে জাগ্রত করুক এ প্রত্যাশা করছি। সুন্দর এই আয়োজনের সঙ্গে যারা সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

নোবিপ্রবি ডিবেটিং সোসাইটির সভাপতি মোঃ মুবদী ইসলাম রাফিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ) এবং নোবিপ্রবি ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক জনাব মুহাম্মদ নিজাম উদ্দিন। নোবিপ্রবি ডিবেটিং সোসাইটির সাধারণ সম্পাদক ফাতেমা জান্নাত রিষ্টি ও সহ-সভাপতি (প্রচার) সাবিকুন নাহার তাহার সঞ্চালনায় এসময় আরো বক্তব্য রাখেন নোয়াখালী জেলা মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব সুব্রত সরকার ও নোয়াখালী রুৱাল ডেভেলপমেন্ট সোসাইটির মানবসম্পদ বিভাগের ব্যবস্থাপনা পরিচালক জনাব শহীদুল ইসলাম মুকুল। এসময় নোবিপ্রবি ডিবেটিং সোসাইটির মডারেটর ও ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক জনাব আফসানা মৌসুমী সহ নোবিপ্রবি ডিবেটিং সোসাইটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের বিতর্কিকদের নিয়ে তিন দিনব্যাপী ৪র্থ নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি জাতীয় বিতর্ক উৎসব-২০২৫ আয়োজন করা হয়। এতে স্কুল কলেজ পর্যায়ে ১৮ টি দল অংশ নেয় এবং জাতীয় পর্যায়ের ১২ জন বিচারক বিচারকার্য পরিচালনা করেন। সমাপনী দিনে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের প্রত্যেক চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলকে পুরস্কৃত করা হয়।



রায়হান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।